আগমনের ব্যাপারে স্টেট ও টেরিটরির শর্তাবলী

সংক্ষিপ্ত বিবরণ

প্রবেশের ক্ষেত্রে অস্ট্রেলিয়ার প্রতিটি স্টেট ও টেরিটরির নিজস্ব বন্দোবস্ত ও পূর্বশর্ত রয়েছে, যেগুলো আপনাকে পরিপালন করতে হবে। **প্রতিটি স্টেট ও টেরিটরিতে পূর্বশর্তগুলো ভিন্ন ভিন্ন হতে পারে এবং স্বল্প সময়ের নোটিশের মাধ্যমে পরিবর্তন হতে পারে।**

আপনি যে স্টেট ও টেরিটরিতে ভ্রমণ করার পরিকল্পনা করছেন সেখানে প্রবেশ করতে পারবেন কি না তা আপনাকে দেখে নিতে হবে। কিছু কিছু স্টেট ও টেরিটরিতে আন্তর্জাতিক ভ্রমণকারীদের জন্য অতিরিক্ত অব্যাহতির প্রয়োজন হয়।

আপনাকে ঢুকতে নাও দেওয়া হতে পারে বা আপনার কোয়ারেন্টিনে প্রবেশের প্রয়োজন হতে পারে। আপনার ক্ষেত্রে প্রযোজ্য ভ্রমণ নিষেধাজ্ঞা এবং শর্ত মেনে চলা আপনার দায়িত্ব। এগুলো পালন না করলে আপনাকে কারাদন্ড এবং উল্লেখযোগ্য জরিমানাসহ গুরুতর শাস্তি প্রদান করা হতে পারে।

বিশেষ করে, আপনাকে নিম্নলিখিত বিষয়ের সাথে সম্পৃক্ত স্টেট বা টেরিটরির যেকোনো পূর্বশর্তের বিষয়ে মনোযোগী হতে হবে:

- সীমান্তে প্রবেশের জন্য নিবন্ধন ফরম
- কোয়ারেন্টিন
- আগমনের পরে পরীক্ষা বা টেস্ট করার পূর্বশর্ত
- টিকা বিষয়ক কিছু অভ্যন্তরীণ পূর্বশর্ত।

আপনাকে স্টেট ও টেরিটরির জন্য একাধিক প্রবেশ বা নিবন্ধন ফরম পূরণ করতে হতে পারে।

সন্তান সন্ততি

12 বছরের কম বয়সী শিশুরা যখন পরিবারের সম্পূর্ণভাবে টিকা গ্রহণকারী প্রাপ্তবয়স্ক সদস্যদের সাথে ভ্রমণ করবে তখন তারা টিকা গ্রহণকারী ভ্রমণকারীদের মতো একই বন্দোবস্তের অধীনে ভ্রমণ করতে পারবে। ভ্রমণের ক্ষেত্রে, 12 বছরের কম বয়সী শিশুরা সম্পূর্ণভাবে টিকা গ্রহণকারী হিসেবে বিবেচিত হয়ে থাকে।

কিছু কিছু স্টেট ও টেরিটরি, সম্পূর্ণভাবে টিকা গ্রহণকারী কোনো প্রাপ্তবয়স্ক লোকের সাথে টিকা গ্রহণ না করা বা আংশিকভাবে টিকা গ্রহণকারী 12-17 বছর বয়সী শিশুদেরকে ভ্রমণের অনুমতি দিয়ে থাকে।

যদি কোনো শিশু পরিবারের টিকা গ্রহণ না করা প্রাপ্তবয়স্ক সদস্যদের সাথে ভ্রমণ করে, তবে পুরো পরিবারটিই আগমনকারী যাত্রীদের জন্য প্রযোজ্য বিধিনিষেধের আওতায় আসতে পারে এবং তাদেরকে অবশ্যই আগমনের বিষয়ে স্টেট ও টেরিটরির পূর্বশর্ত পূরণ করতে হবে। আপনাকে কোয়ারেন্টিনে যেতে হতে পারে। আপনাকে এটি এবং আপনি যে সকল স্টেট ও টেরিটরিতে ট্রানজিট ও ভ্রমণ করবেন তার অন্য যেকোনো শর্তাবলী সম্পর্কে জানতে হবে।

আগমনকারী যাত্রী সম্পর্কিত বিধিনিষেধের ব্যাপারে আরও তথ্যের জন্য, ডিপার্টমেন্ট অভ ইনফ্রাস্ট্রাকচার, ট্রান্সপোর্ট, রিজিয়নাল ডেভেলপমেন্ট এবং কমিউনিকেশনস কোভিড-19 ও যাত্রী দেখুন।

সীমান্তে প্রবেশের জন্য নিবন্ধন ফরম

কিছু কিছু স্টেট ও টেরিটরিতে আন্তর্জাতিক ভ্রমণকারীগণকে আগমনের পূর্বে অতিরিক্ত ফরম ও নথিপত্র পূরণ করতে হয়। এই তথ্যগুলো স্টেট ও টেরিটরিকে আপনার আগমনের ব্যাপারে প্রস্তুতি নিতে ও পরিকল্পনা গ্রহণে সাহায্য করে। আপনার প্রবেশের বিষয়টির অনুমোদন দেওয়ার জন্যও তা স্টেট ও টেরিটরির প্রয়োজন হতে পারে।

মনে রাখবেন, স্টেট ও টেরিটরির নিবন্ধন ফরমগুলো ডিজিটাল প্যাসেঞ্জার ডিক্লারেশন (DPD)-এর সাথে **অতিরিক্ত**। আপনি অস্ট্রেলিয়ায় প্রবেশ করার পরে যে স্টেট বা টেরিটরিতে ভ্রমণ করবেন তার জন্যও অতিরিক্ত প্রবেশ বা নিবন্ধন ফরম পূরণ করার প্রয়োজন হতে পারে)অভ্যন্তরীণ ভ্রমণ(।

কোয়ারেন্টিন

কোয়ারেন্টিনের পূর্বশর্ত নির্ধারণ ও ব্যবস্থাপনার দায়িত্ব স্টেট ও টেরিটরিগুলোর। আপনি যে স্টেট ও টেরিটরিতে আগমন করছেন এবং আপনি অস্ট্রেলিয়ায় প্রবেশ করার পরে যে স্টেট ও টেরিটরিগুলোতে ভ্রমণ করছেন (অভ্যন্তরীণ ভ্রমণ) সেগুলোর পূর্বশর্ত আপনাকে পরিপালন করতে হবে।

আপনি আপনার ফ্লাইট বুক করার পূর্বে সংশ্লিষ্ট স্টেট ও টেরিটরির কোয়ারেন্টিনের পূর্বশর্তগুলো অবশ্যই দেখে নেবেন।

বিদেশ থেকে অস্ট্রেলিয়ায় আগমনকারী সম্পূর্ণভাবে টিকা প্রাপ্ত ভ্রমণকারীগণ পরিবর্তিত বা হ্রাসকৃত কোয়ারেন্টিন সুবিধা পেতে পারেন। স্বল্প সময়ের নোটিশের মাধ্যমে কোয়ারেন্টিনের পূর্বশর্ত পরিবর্তন হতে পারে।

যদি কোনো শিশু টিকা না দেওয়া প্রাপ্তবয়স্কদের সাথে ভ্রমণ করে, তাহলে পুরো পরিবারটি অস্ট্রেলিয়ার যে স্টেট বা টেরিটরিতে আগমন করবে সেখানকার নিয়ন্ত্রিত কোয়ারেন্টিনের অধীন থাকবে এবং যাত্রীদের জন্য প্রযোজ্য বিধিনিষেধ (passenger caps) আরোপিত হবে।

মনে রাখবেন, কিছু কিছু স্টেট ও টেরিটরিতে, 12 থেকে 17 বছর বয়সী টিকা না নেওয়া বা আংশিকভাবে টিকা নেওয়া যেসকল শিশু অস্ট্রেলিয়ায় ফিরে আসবে, তারা আগমনের পরে 7 দিন স্কুলে যেতে পারবে না। আগমনের পরে 14 দিন পর্যন্ত তারা অন্যান্য স্থানেও যেতে পারবে না, যেমন চাইল্ড কেয়ার, বয়স্ক-সেবার আবাসিক স্থাপনা, প্রতিবন্ধী সেবার স্থাপনা বা হাসপাতাল। জরুরি চিকিৎসা সেবার ক্ষেত্রে ব্যতিক্রম হতে পারে। স্টেট ও টেরিটরির কোয়ারেন্টিনের পূর্বশর্ত দেখুন।

আগমনের পরে কোভিড-19 পরীক্ষার পূর্বশর্ত

অধিকাংশ স্টেট ও টেরিটরিতে পৌঁছানোর পরপরই আপনাকে একটি COVID-19 এর পরীক্ষা করাতে হবে।

আপনি যেসকল স্টেট ও টেরিটরিতে আগমন, ট্রানজিট ও ভ্রমণ করবেন সেসকল স্টেট ও টেরিটরির টেস্ট বা পরীক্ষা করানোর বিষয়গুলো আপনাকে দেখে নিতে হবে।

মনে রাখবেন, অস্ট্রেলিয়ার জন্য আপনার ফ্লাইট ছাড়ার পূর্বে কোভিড-19 পরীক্ষার নেগেটিভ সনদ প্রদান করার যে বাধ্যবাধকতা রয়েছে, আগমনের পরে টেস্ট বা পরীক্ষা করার বিষয়টি হলো তার সাথে **অতিরিক্ত**।

টিকা বিষয়ক কিছু অভ্যন্তরীণ পূর্বশর্ত

কিছু কিছু স্টেট ও টেরিটরিতে, কিছু কিছু ভেন্যু বা সেবা অ্যাক্সেস করার জন্য (যেমন, রেস্তোরাঁ, নন-এসেন্সিয়াল রিটেইল স্টোর, মুভি থিয়েটার, বিনোদন পার্ক বা বিবাহ ও অন্ত্যেষ্টিক্রিয়া) আপনার কোভিড-19 টিকা 'হালনাগাদ' থাকতে হবে।

এমনকি, আপনি অস্ট্রেলিয়ায় প্রবেশের জন্য “সম্পূর্ণভাবে টিকা গ্রহণকারী” হওয়ার পূর্বশর্ত পূরণ করলেও, অভ্যন্তরীণ পরিস্থিতিতে আপনি ‘হালনাগাদ’ নাও হতে পারেন।

অস্ট্রেলিয়ায় আগমনকারী আন্তর্জাতিক ভ্রমণকারীগণকে তাদের টিকা গ্রহণের ব্যাপারে হালনাগাদ থাকার জন্য অস্ট্রেলিয়ার বুস্টার টিকাদান কর্মসূচীতে অংশগ্রহণ করার জন্য উৎসাহিত করা যাচ্ছে। অস্ট্রেলিয়ার ভিসাধারী সহ অস্ট্রেলিয়ায় অবস্থানকারী সকলেই বিনামূল্যে কোভিড-19 ভ্যাকসিন নিতে পারেন।

অস্ট্রেলিয়ায় অভ্যন্তরীণ ট্রানজিট ভ্রমণ

আপনি যে স্টেট ও টেরিটরিগুলোর মধ্য দিয়ে ট্রানজিট নিচ্ছেন আপনাকে অবশ্যই সেখানকার কোয়ারেন্টিনের পূর্বশর্ত মেনে চলতে হবে। আপনার পরবর্তী ফ্লাইটের জন্য অপেক্ষা করাকালীন, আপনাকে হোটেলে থাকতে হতে পারে এবং আপনাকে আপনার অবস্থানের ব্যয়ভার বহন করতে হতে পারে।

আরও তথ্য

আগমনের পরে কোয়ারেন্টিন, কোভিড পরীক্ষা এবং টিকা গ্রহণ সম্পর্কিত অভ্যন্তরীণ মান সহ স্টেট ও টেরিটরির পূর্বশর্ত সম্পর্কিত আরও তথ্যের জন্য, সংশ্লিষ্ট স্টেট ও টেরিটরির কোয়ারেন্টিনের পূর্বশর্ত দেখুন।